# Times Today BD

জেলা প্রতিনিধি | জাতীয় | 01 May, 2025

আজ বৃহস্পতিবার দুপুরে মহান মে দিবস উপলক্ষে বরিশাল মহানগর ও জেলা শ্রমিক দলের আয়োজনে শ্রমিক সমাবেশে এ কথা বলেন রিজভী।

রিজভী বলেন, ‘শেখ হাসিনা কোথায় পালিয়ে আছে বের করতে হবে।তিনি এখন ওসামা বিন লাদেনের খালাতো বোনের মতো পালিয়ে ভিডিও বার্তা দিচ্ছেন।

বিএনপির এই নেতা বলেন, ‘যদি কোনোভাবে ফ্যাসিবাদের উত্থান ঘটে, কেউ বাঁচতে পারবেন না।ঐক্যের মধ্য দিয়ে গণতান্ত্রিক শক্তিকে ঐক্যবদ্ধ থাকতে হবে।

রিজভী বলেন, ‘বর্তমান সরকারকে জনগণের আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটাতে হবে।রাজনৈতিক দলগুলোর কথা শুনবেন না-এটা হতে পারে না। শুধু উপদেষ্টাদের নিয়ে করিডোর দিতে চাচ্ছেন। দেশের মানুষের ভবিষ্যৎ বিপন্ন হতে পারে-সে ধরণের পদক্ষেপ নেওয়া খুবই দুঃখজনক।

তিনি আরও বলেন, ‘শুধু শ্রমিকদের ছাঁটাই করা হচ্ছে। এটা কোনোভাবেই চলতে পারে না। জনগণের দিকে মনোযোগ দিতে হবে, তাদের আস্থা অর্জন করতে হবে।বেকারত্ব বৃদ্ধি পেলে সেটি দেশের জন্য অমঙ্গলজনক।দেশে ১২ কোটি ভোটার, তার মধ্যে শ্রমিক হচ্ছে ৬০ কোটি ৩৫ লাখ।ভোট দিয়ে আমাদের সরকার নির্বাচিত করেন।ভোট দিয়ে সরকার গঠন করে যারা বঞ্চিত তারা নির্যাতিত, তারা অসহায়।তাদের ন্যায় প্রতিষ্ঠা করতে হবে।

বিএনপি রুহুল কবির রিজভী আওয়ামী লীগ শেখ হাসিনা ওসামা বিন লাদেন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:09

URL: https://www.timestodaybd.com/national/1722775807